



04 FEB 1987

তারিখ ...

পঠা... 4 কলাম...

## উপজেলা পরিক্রমা ছাগলনাইয়া

ছাগলনাইয়া ফেনী জেলার একটি উপজেলা। ফেনী সদর থেকে ৯ মাইল দূরে অবস্থিত এ উপজেলার আয়তন ৫১ বর্গমাইল। লোক সংখ্যা ১ লাখ ৩৭ হাজার ৩শ' ৯২ জন। মোট ৬টি ইউনিয়ন, ৫৪টি মৌজা ও ৫৪টি গ্রাম নিয়ে গঠিত এই উপজেলা।

কৃষি  
এ উপজেলায় মোট কৃষিযোগ্য জমি ২০ হাজার ৩শ' ৪৭ একর। অনাবাদী জমি ১ হাজার ২শ' ১৮ একর। অগভীর নলকৃপ ১২টি, ইস্তালিত নলকৃপ ৪শ' টি, সেচযোগ্য নদী ২টি ও খাল ১০টি। এ উপজেলায় ধান, পাট, গম, আখ, রবিশসা, রসূল, সরিয়া, তিল ও ডাল জাতীয় ফসল আবাদ করা হয়। উন্নত সেচব্যবস্থা না থাকায় শত শত একর জমির ফসল খরায় নষ্ট হয়।

শিক্ষা  
এখানে ১টি কলেজ, ১৭টি বালক ও ২টি বালিকা বিদ্যালয়, ৪টি নিম্নমাধ্যমিক বিদ্যালয়, ৫৮টি প্রাথমিক বিদ্যালয়, ৯টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ৪২টি মাদ্রাসা, ২টি কমিউনিটি বিদ্যালয়, ২শ' ৭৫টি মসজিদ ও ১৯টি মন্দির রয়েছে। কলেজ ও বিদ্যালয়গুলোর অবস্থা জরাজীর্ণ। এবং শিক্ষক সংকট রয়েছে। এতে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে। উপজেলায় শিক্ষার হার শতকরা

৩৫ জন।

### চিকিৎসা

এ উপজেলায় ৩১ শয়া বিশিষ্ট ১টি হাসপাতাল, ৩টি উপ-স্বাস্থ্যকেন্দ্র ও ৪টি পরিবার কল্যাণকেন্দ্র রয়েছে। এছাড়া কৃতিম প্রজনন কেন্দ্র ৪টি। তবে ৩টি নির্মাণাধীন। হাসপাতালে কোন এসুলেক্স নেই। ডাক্তারের সংখ্যা কম। এবং টেবেলেট ছাড়া কোন ঔষুধ পাওয়া যায় না।

### যোগাযোগ

এ উপজেলায় মোট রাস্তা ২শ' মাইল। এর মধ্যে পাকা ২০ মাইল, কাঠা ১শ' ৮০ মাইল, সৌপথ ২৩ মাইল, বর্ষাকালীন ২৭ মাইল, রেলপথ ৪ মাইল, বেলস্টেশন ১টি, পোস্ট অফিস ১০টি, টেলিফোন একচেঙ্গ ১টি, ধারণ ক্ষমতা ৬০ সেট।

### বিদ্যুৎ

বিদ্যুৎ সরবরাহে অনিয়ম প্রায়ই লক্ষণীয়। এ উপজেলায় বিদ্যুতায়িত গ্রাম ২৯টি, তবে বিদ্যুৎ বিভাগের জন্য ছাত্র-ছাত্রীদের লেখাপড়ায় ব্যাপত ঘটে।

### মৎস্য

এ উপজেলায় মোট পুকুর প্রায় ৪ হাজার ৪শ' ৯টি, দীঘি ৩টি, জলমহাল ১টি, পানীয় জলের নলকৃপ ৯শ' ৬০টি, পরিকল্পিত উপায়ে মৎস্য চাষের ব্যবস্থা করলে আমিব জাতীয় বাদ্যের চাহিদা পূরণ হবে।